

পাবলিক পরীক্ষার ফলাফল প্রস্তুতের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্র হতে সরাসরি ওএমআর শিট স্ক্যান করে অনলাইনে

ইমেজ আকারে ডাটা সংগ্রহ

বাস্তবায়নে: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


বিদ্যমান সমস্যার বিবরণ : পাবলিক পরীক্ষার ফলাফল প্রস্তুতের লক্ষ্যে পরীক্ষার রুটিন অনুযায়ী কেন্দ্র সচিব পরীক্ষা শেষে কেন্দ্র হতে মনোনিত প্রতিনিধির মাধ্যমে অথবা ডাকযোগে ওএমআর শিট বোর্ডের কম্পিউটার কেন্দ্রে প্রেরণ করেন। তবে কেন্দ্র প্রেরণের পূর্বে সকল উত্তরপত্র প্যাকেট করে প্রস্তুত করতে অনেক সময়ের প্রয়োজন হয়। এই সময়ে এমসিকিউ ওএমআর শিটে ম্যানপুলেট করার সুযোগ থাকে। এ ধরণের অভিযোগ অনেক কেন্দ্রের বিরুদ্ধে আছে। নিকটবর্তী কেন্দ্র হতে হাতে হাতে জমা দিতে এসে বড় বৃষ্টির কবলে পড়ে পানিতে ভিজে অনেক ওএমআর শিট স্ক্যান অনুপযোগী হয়ে পড়ে। শিট ছিঁড়ে যাবার ও হারিয়ে যাওয়ার ঘটনা ঘটে। সঠিক সংখ্যার গড়মিল হওয়ায় সুস্থুভাবে ফলাফল প্রস্তুতে ব্যাপ্ত ঘটে।

পরীক্ষা চলাকালীন প্রতিদিন কম্পিউটার কেন্দ্রের জনবল কর্তৃক ওএমআর শিট গ্রহণ করা হয়। বোর্ডের নিয়মিত জনবল কম থাকায় ওএমআর শিট দৈনিক হাজিরার জনবল দ্বারা উন্মোচন ও স্টিং করা হয়। অতঃপর ওএমআর শিট স্ক্যান প্রক্রিয়া ও ডাটা এক্স্ট্রাকটিং করে ফলাফল প্রস্তুতের লক্ষ্যে ডাটা প্রি-প্রসেসিং ও রিফ্রেস করা হয়। এ প্রক্রিয়ায় অধিক জনবল প্রয়োজন হয় ও এ প্রক্রিয়াটি অত্যন্ত ব্যবহৃত এবং সময় সাপেক্ষ।

সেবা সহজিকরণের পূর্বের অবস্থা

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম |
|-------------------|---|
| ধাপ-১ | কেন্দ্র হতে হাতে হাতে অথবা ডাকযোগে ওএমআর শিট বোর্ডে প্রেরণ |
| ধাপ-২ | কম্পিউটার কেন্দ্র জনবল কর্তৃক শিট গ্রহণ |
| ধাপ-৩ | দৈনিক হাজিরার জনবল দ্বারা ওএমআর শিটের প্যাকেট উন্মোচন ও স্টিং |
| ধাপ-৪ | ওএমআর শিট স্ক্যান প্রক্রিয়া ও ডাটা এক্স্ট্রাকটিং |
| ধাপ-৫ | ফলাফল প্রস্তুতের লক্ষ্যে ডাটা প্রি-প্রসেসিং ও রিফ্রেসকরণ |
| ধাপ-৬ | ফলাফল প্রস্তুত করণ |


সেবা সহজিকরণের পূর্ববর্তী অবস্থার প্রসেস ম্যাপ



সেবা সহজিকরণের পরবর্তী অবস্থা

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম |
|-------------------|--|
| ধাপ-১ | কেন্দ্র ও প্রধান পরীক্ষকদের নিকট থেকে OMR শিট (তিন প্রকারের শিট যেমন- উপরের অংশ , মাঝের অংশ ও অবজেকটিভ) একটি বিশেষ ধরনের মেশিনে স্ক্যান করে কালার ইমেজ আকারে অনলাইনে বোর্ডের সার্ভারে প্রেরণ। ইমেজ থেকে ডাটা তৈরি করে সহজে অল্প সময়ে ফলাফল প্রস্তুত করা সম্ভব। |
| ধাপ-২ | ফলাফল প্রস্তুতের লক্ষ্যে ডাটা প্রি-প্রসেসিং ও রিফ্রেস করা |
| ধাপ-৩ | ফলাফল প্রস্তুতকরণ |

সেবা সহজিকরণের পরবর্তী অবস্থার প্রসেস ম্যাপ



সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথ্য (Time, Cost & Visit) এর তুলনা

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|-----------------------|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ৫৬ দিন | বিষয়ওয়ারী পরীক্ষার দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ২০০০/- - ২৫০০/- | নাই |
| যাতায়াত | ২ বার | নাই |
| ধাপ | ৬ টি | ৩ টি |
| জনবল | সার্বক্ষণিক ৫০ জন, ৫৬ দিন ব্যাপি এবং প্রতি পরীক্ষা কেন্দ্রে ২-৪ জন ২ ঘন্টা ব্যাপি | সার্বক্ষণিক ১৫ জন, ৫৬ দিন ব্যাপি এবং প্রতি পরীক্ষা কেন্দ্রে ২-৪ জন ২ ঘন্টা ব্যাপি |
| দাখিলীয় কাগজপত্র | ওএমআর শিট, শিরোনামাপত্র, বাহিক্ষার, উপস্থিত-অনুপস্থিতির তালিকা ইত্যাদি। | শিটের পরিবর্তে ইমেজ, অন্য সব তথ্য অনলাইনে গ্রহণ |

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|-------------------|--|--|---|
| ধাপ-১ | কেন্দ্র হতে হাতে হাতে অথবা ডাকযোগে ওএমআর শিট বোর্ডে প্রেরণ | একযোগে গ্রহণ, সট্টিং শিট ২০ দিন | কেন্দ্রঃ কেন্দ্র সচিব ও পরীক্ষা পরিচালনা কমিটি শিক্ষা বোর্ডঃ পরীক্ষা নিয়ন্ত্রক, সিনিয়র সিস্টেম এনালিস্ট ও অন্যান্য। ডাক বিভাগ, গণপরিবহন ইত্যাদি |
| ধাপ-২ | কম্পিউটার কেন্দ্র জনবল কর্তৃক শিট গ্রহণ | | ডাটা এন্ড্রি কম্পিউটার অপারেটর ১ জন সহকারী প্রোগ্রামার ১ জন ওএমএলএসএস ২ জন |
| ধাপ-৩ | ওএমআর শিট দৈনিক হাজিরার জনবল দ্বারা প্যাকেট উন্মোচন ও সট্টিং | | দৈনিক হাজিরার জনবল ৮ জন, ডাটা এন্ড্রি কম্পিউটার অপারেটর ১ জন |
| ধাপ-৪ | ওএমআর শিট স্ক্যান প্রক্রিয়া ও ডাটা এক্স্ট্রাকটিং | ১২ দিন | দৈনিক হাজিরার জনবল ৭ জন, ওএমআর রক্ষণাবেক্ষণকারী ১ জন, ডাটা এন্ড্রি কম্পিউটার অপারেটর ১ জন সহকারী প্রোগ্রামার ১ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার ১ জন |
| ধাপ-৫ | ফলাফল প্রস্তুতের লক্ষ্য ডাটা প্রিসেসিং ও রিফ্রেসকরণ | ২৪ দিন | দৈনিক হাজিরার জনবল ১০ জন, ডাটা প্রি-প্রসেসিং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ৪ জন বাণিল সরবরাহের কাজে নিয়জিত ৪ জন সাধারণ সহকারী |
| ধাপ-৬ | ফলাফল প্রস্তুত করণ | ১০ দিন | সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার |